# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 06.04.24** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) লোকসভা নির্বাচনে প্রথম দফার ভোটগ্রহণের আগে আরও একশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসছে।

কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী মোতায়েন নিয়ে আজ বৈঠক করেছে নির্বাচন কমিশন।

২) লোকসভা নির্বাচনের জন্য রাজ্যে জমে উঠেছে প্রচারাভিযান। আগামীকাল জলপাইগুড়ির ধূপগুড়িতে জনসভা করবেন শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল পুরুলিয়ায় নির্বাচনী জনসভায় অংশ নেবেন।

৩) পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে বিস্ফোরণের ঘটনায় এনআইএ তৃণমূল কংগ্রেসের দুজন নেতাকে গ্রেপ্তার করেছে।

এনআইএ আধিকারিকদের ওপর হামলার অভিযোগকে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

৪) রাজ্যের প্রায় সব জেলায় আগামী বুধবার পর্যন্ত ঝড়বৃষ্টির পূর্বাভাস।

৫) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ পাঞ্জাব এফসি-কে ১-০ গোলে হারিয়ে দিয়েছে।

---

আসন্ন লোকসভা নির্বাচনে প্রথম দফার ভোটগ্রহণের আগে রাজ্যে আরও একশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী আসছে। বর্তমানে ১৭৭ কোম্পানী বাহিনী বিভিন্ন জেলায় মোতায়েন রয়েছে। বাড়তি এই বাহিনী এলেও আগামী ১৯ শে এপ্রিল প্রথম দফা নির্বাচনে সব বুথে কেন্দ্রীয় বাহিনী দেওয়া সম্ভব হবে না বলে মনে করছে নির্বাচন কমিশন। প্রথম দফার আগে আর কোনো বাড়তি বাহিনী পাওয়ার নিশ্চয়তা মেলেনি বলে কমিশন সূত্রের খবর। ভোটের নিরপত্তায় রাজ্য পুলিশকে কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে মোতায়েন করা হতে পারে বলে খবর। তবে নিরাপত্তা আরও সুনিশ্চিত করতে এবার প্রতিটি বুথে ওয়েবকাস্টিং ব্যবস্থা থাকছে। বুথের নিরাপত্তা এবং প্রতি মুহূর্তের পরিস্থিতির ওপর কমিশন নজরদারি করতে পারবে বলে মনে করা হচ্ছে।

---

এদিকে, রাজ্যে প্রথম পর্যায়ের ভোটে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী মোতায়েন নিয়ে নির্বাচন কমিশন আজ এক বৈঠক বসে। রাজ্যের জন্যে নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিন্‌হা এবং পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মার উপস্থিতিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব, রাজ্য পুলিশের নোডাল অফিসার- ADG আনন্দ কুমার এবং CRPF-এর আইজি ও কেন্দ্রীয় বাহিনীর এরাজ্যের কোঅর্ডিনেটর B K শর্মা বৈঠকে উপস্থিত ছিলেন। বিগত নির্বাচনগুলিতে কোথায় কোথায় অশান্তির ঘটনা ঘটেছিল, তার বিস্তারিত রিপোর্ট তাঁরা পর্যালোচনা করেন। এজন্য মুখ্য নির্বাচনী আধিকারিক সব জেলাশাসককে রিপোর্ট পাঠাবার নির্দেশ দিয়েছেন। গোলযোগপ্রবণ বুথগুলি নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

---

দ্বিতীয় পর্যায়ে লোকসভা নির্বাচনে এরাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাট আসনে জমা পড়া মনোয়নপত্রগুলি গতকাল খতিয়ে দেখার পর মোট ৪৭ জন প্রার্থী প্রতিদ্বদ্বিতার আসরে রইলেন। এর মধ্যে দার্জিলিং-এর ১৪ জন প্রার্থী আছেন। একটি মনোনয়ন বাতিল হয়েছে। রায়গঞ্জে ২০ জন প্রতিদ্বন্দ্বিতা করবেন। সেখানেও বাতিল হয়েছে একটি মনোনয়ন। বালুরঘাট কেন্দ্রে জমা পড়া ১৩ টি মনোনয়নই বৈধ বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

দ্বিতীয় দফায় মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন আগামী ৮ই এপ্রিল। দ্বিতীয় দফায় আগামী ২৬ শে এপ্রিল ভোটগ্রহণ।

---------------------

লোকসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে নির্বাচনী প্রচার।

প্রবীণ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল জলপাইগুড়ির ধূপগুড়িতে জনসভা করবেন। মাগুমারি দু নম্বর গ্রাম পঞ্চায়েতে ময়নাতলি লাল স্কুল এলাকায় এজন্য শুরু হয়েছে সভা স্থল নির্মাণের কাজ। রাস্তার অপর প্রান্তে তৈরি করা হয়েছে হেলিপ্যাড। ডগ স্কোয়াড এবং বম্ব স্কোয়াডের তরফে চলছে কড়া নজরদারি। প্রচন্ড গরমের জন্য সভাস্থলে লাগানো হয়েছে একাধিক তাঁবু টাঙানো হয়েছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল পুরুলিয়ায় নির্বাচনী জনসভা করবেন। সোমবার বাঁকুড়ায় নির্বাচনী জনসভায় তাঁর যোগ দেওয়ার কথা। হেমতাবাদের সভা সেরে আজ বিকেলে বিশেষ বিমানে তিনি অন্ডালের কাজি নজরুল বিমান বন্দরে নামেন। সিটি সেন্টারের একটি বেসরকারি হোটেলে তিনি রাত্রিবাস করবেন বলে জানা গেছে।

দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আগামীকাল পশ্চিম মেদিনীপুরের ঘাটালে দেবের সমর্থনে রোড শো করবেন।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী নদীয়ার চাপড়ায় প্রচারে যোগ দেন।

দার্জিলিং লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রাজু বিস্তা উত্তর দিনাজপুরের চোপড়ার চুয়াগাড়ি এলাকায় পৌঁছলে শাসকদলের কর্মী সমর্থকরা তাকে কালো পতাকা দেখান। দেওয়া হয় গো ব্যাক স্লোগান। ঐ ঘটনায় সাময়িকভাবে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

বামফ্রন্ট এবারের লোকসভা নির্বাচনে ষষ্ঠ দফায় একটি আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে। মথুরাপুর লোকসভা কেন্দ্রে প্রার্থী হয়েছেন সিপিআইএম-এর ডক্টর শরত্ চন্দ্র হালদার।

---------------------

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে বিস্ফোরণের ঘটনায় এনআইএ তৃণমূল কংগ্রেসের দুজন নেতাকে গ্রেপ্তার করেছে। ধৃত বলাই চরণ মাইতি এবং মনোব্রত জানাকে আজ হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষার পর ব্যাঙ্কশাল আদালতে তোলা হয়। তল্লাশি চালিয়ে নগদ টাকা এবং মোবাইল ফোন বাজেয়াপ্ত হয়েছে বলেও দাবি এনআইএ-র।

উল্লেখ্য, ধৃত তৃণমূল অঞ্চল সভাপতি বলাই চরণ মাইতি এবং শাসক দলের স্থানীয় নেতা মনোব্রত জানাকে NIA এর আগে দু'বার তলব করলেও তারা হাজিরা দেননি।

এদিকে, আদালতের নির্দেশে আজ ভোর রাতে ভূপতিনগরের এনআইএ বাহিনী পৌঁছলে সেখানে স্থানীয়রা তাদের ওপর চড়াও হয়। তাঁদের লক্ষ্য করে ছোঁড়া পাথরের আঘাতে দুই কেন্দ্রীয় আধিকারিক আহত হয়েছেন।

উল্লেখ্য, ২০২২ সালের ডিসেম্বরে পূর্বমেদিনীপুরের ভূপতিনগরে তৃণমূল কংগ্রেস নেতা রাজকুমার মান্নার বাড়িতে বিষ্ফোরণ হয়। বিস্ফোরণে রাজকুমার ছাড়াও বিশ্বজিত্ গায়েন ও বুদ্ধদেব মান্না নামে দুজনের মৃত্যু হয়।  পরে মামলার তদন্ত ভার রাজ্য পুলিশের কাছ থেকে NIA-এর হাতে যায়।

এদিকে, এই ঘটনার প্রতিবাদে স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা আজ ভূপতিনগরে বিক্ষোভে সামিল হন। রাস্তায় টায়ার জ্বেলে পথ অবরোধ করেন তারা।

----------------------

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলিকে কাজে লাগিয়ে নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসকে দুর্বল করে দেওয়ার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। আজ বালুরঘাট লোকসভা কেন্দ্রের তপন এবং রায়গঞ্জ লোকসভা আসনের হেমতাবাদে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভায় যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ভোটের আগে দলের বুথ এজেন্টদের গ্রেপ্তার করা হচ্ছে। রাজ্যে চকোলেট বোমা ফাটলেও এনআইএ তদন্ত হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

বাইট

নাম না করে রাজ্যের বিরোধী দলনেতারও সমালোচনা করেন তৃণমূল নেত্রী। কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান প্রকল্পের জায়গায় রাজ্যে তাঁর সরকার সর্বাত্মকভাবে স্বাস্থ্য সাথী প্রকল্প চালু করেছে বলে দাবি করেন তিনি।

এদিকে ভূপতিনগরের ঘটনা নিয়ে  শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর। রাজ্যপাল সি ভি আনন্দ বোস দোষীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানিয়েছেন।

বাইট

----------------------

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে এনআইএ-র ওপর হামলা করা উচিত হয়নি বলে উল্লেখ করে রাজ্যের মন্ত্রী শশী পাঁজা কেন্দ্রীয় এজেন্সির অতিসক্রিয়তা নিয়ে প্রশ্ন তুলেছেন। বিষয়টি তারা নির্বাচন কমিশনের কাছে জানিয়েছেন বলে শশী পাঁজা মন্তব্য করেন। কেন্দ্রীয় সরকার তথা বিজেপি, আদর্শ আচরণ বিধি বলবত্ হওয়ার পরও কিভাবে ইডি সিবিআই এবং আয়কর দপ্তরকে রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করছে, দল তা নিয়েও প্রশ্ন তুলেছে।

এদিকে, এনআইএ-র আধিকারিকদের ওপর হামলা প্রসঙ্গে প্রদেশ কংগ্রেস সভাপতি, সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেন, রাজ্যে আইন শৃঙ্খলার চরম অবনতি হয়েছে।

বাইট

কেন্দ্রীয় এজেন্সিগুলি তৃণমূল কংগ্রেস ও বিজেপিকে সাহায্য করছে বলে সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন। আজ মুর্শিদাবাদে এক পদযাত্রায় অংশ নিয়ে সাংবাদিকদের কাছে তিনি বলেন,

বাইট

তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতৃত্বের উষ্কানিতেই এনআইএ সহ কেন্দ্রীয় এজেন্সির ওপর হামলা হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্যসভার সাংসদ তথা মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন,

বাইট

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজকের ঘটনায় ভূপতিনগরের ওসি কাঁথির এসডিপিও জেলা পুলিশ সুপার ও পুলিশ মহা নির্দেশকের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

---------------------

উত্তর বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় রাজ্যের বিভিন্ন জেলায় আজ থেকে আগামী বুধবার পর্যন্ত ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দক্ষিণবঙ্গে পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, দুই মেদিনীপুর এবং বীরভূমে ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতেও ৩০ থেকে ৪০ কিলোমিটার প্রতি ঘন্টা বেগে ঝড়বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। ফলে আগামী কয়েকদিন তাপপ্রবাহের হাত থেকে বঙ্গবাসী মুক্তি পাবেন বলে আশা করা হচ্ছে।

উত্তরবঙ্গের পরিস্থিতিও একইরকম থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

এদিকে, আজও পশ্চিমাঞ্চলের কয়েকটি জেলায় তাপপ্রবাহের পরিস্থিতি সৃষ্টি হয়।

---------------------

উত্তর ২৪ পরগণার গাইঘাটার ঠাকুরনগরে মতুয়া ধর্মগুরু হরিচাঁদ ঠাকুরের ২১৩-তম জন্মতিথি উপলক্ষ্যে মতুয়া মহামেলা শুরু হয়েছে। চলবে ১২ তারিখ পর্যন্ত।

ডঙ্কা, কাঁসর বাজিয়ে হরিনাম সংকীর্তনের মধ্য দিয়ে চলেছে আরাধনা।

হরিচাঁদ ও গুরুচাঁদ ঠাকুর ও বীণাপানি দেবী অর্থাৎ বড়মা-র মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে। দেশ বিদেশের বিভিন্ন প্রান্তের ভক্তরা সমবেত হয়েছেন ঠাকুরনগরে। মধুকৃষ্ণা ত্রয়োদশীর পুণ্য তিথি উপলক্ষ্যে সকাল থেকে ঠাকুরবাড়ির

কামনা- সাগরে চলেছে বারুনী স্নান। ১০ টা ৪৫ এ শুরু হয়েছে অমৃত যোগ। চলবে আজ রাত ১ টা পর্যন্ত।

---------------------

বাংলা নববর্ষের প্রাক্কালে সংস্কার ভারতীর রাজ্য শাখার উদ্যোগে আগামীকাল নববর্ষ আবাহন উৎসবের আয়োজন করা হয়েছে। সংস্কার ভারতী এবং মৌলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অফ এশিয়ান স্টাডিজের যৌথ উদ্যোগে কলকাতায় জাতীয় গ্রন্থাগারে এই অনুষ্ঠানে বাংলা ভাষায় রাম গানের একটি সংকলন প্রকাশিত হবে। 'আমাদের রামগান' শীর্ষক গানের সংকলনটির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মৌলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অফ এশিয়ান স্টাডিজের অধিকর্তা স্বরূপ প্রসাদ ঘোষ। সংস্কার ভারতীর রাজ্য শাখার সাধারণ সম্পাদক তিলক সেনগুপ্ত জানিয়েছেন,অযোধ্যায় রাম জন্মভূমিতে প্রাণ প্রতিষ্ঠাকে স্মরণীয় করে রাখতে বাংলা ভাষায় রাম গানের সংকলন প্রকাশে সংস্কার ভারতী উদ্যোগ নেয়। তিন মাসের কম সময়ে ১২টি রাম গান রচিত হয়েছে। সেইসব শিল্পীদের নববর্ষ আবাহন উৎসবে সম্মাননা জানানো হবে। পাশাপাশি প্রতি বছরের মতো এবারও সাংস্কৃতিক দেওয়ালপঞ্জি প্রকাশ করা হবে। এবারের দেওয়ালপঞ্জির বিষয় পশ্চিমবঙ্গের মন্দির গাত্রে রামায়ণ গাথা।

---------------------

আইএসএল ফুটবলে আজকের ম্যাচে দিল্লীর জওহরলাল নেহরু স্টেডিয়ামে মোগহনবাগান সুপার জায়ান্ট ১-০ গোলে পাঞ্জাব এফসি-কে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের হয়ে একমাত্র গোলটি করেন দিমিত্রি পেত্রাতোস। ২০ ম্যাচে ৪২ পয়েন্ট নিয়ে মোহনবাগান এই মুহূর্তে লিগ টেবিলের দ্বিতীয় স্থানে রয়েছে।

এদিকে, আগামীকাল সল্টলেক স্টেডিয়ামে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফসি-র মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

--------------------- ---------------------